যুগান্তর

যুগান্তর

তারিখ : 08 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক শিক্ষক বদলিতে সুপারিশ লাগবে উপজেলা কমিটির

যুগান্তর রিপোর্ট

আগেরটি সংশোধন করে আবারও 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক বদলি নির্দেশিকা' জারি করা হয়েছে। শিক্ষক বদলিতে নানা বিধিনিষেধ আরোপ করে মাত্র চার মাসের মাথায় রোববার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালা জারি করল। ছয় পৃষ্ঠার এ নীতিমালায় জেলার সদর উপজেলা ও পৌরসভায় একই জেলার বাইরে থেকে শিক্ষক বদলি রুদ্ধ করা হয়েছে। আগে এ বিধান শুধু রাজধানী এবং মেট্রোপলিটন শহরের ক্ষেত্রে ছিল। সংশোধিত নির্দেশিকায় সহকারী শিক্ষকদের আন্তঃবিদ্যালয় বদলির ক্ষেত্রেও সংশ্লিষ্ট উপজেলার শিক্ষা কমিটির সুপারিশের শর্ত জুড়ে দেয়া হয়েছে। আগের নীতিমালায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার অনুমোদনক্রমে উপজেলা শিক্ষা কর্মকর্তা এ আদেশ জারি করতে পারতেন। দুই শিক্ষকের সমঝোতার বদলির ক্ষেত্রেও উপজেলা শিক্ষা কমিটির মতামত গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। আগে এ ক্ষমতা ছিল শুধু জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার হাতে। শিক্ষকের আন্তঃবিভাগ বদলির ক্ষেত্রে আগের নীতিমালায় দায়িত্ব ন্যস্ত ছিল প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালকের হাতে। তিনি বিভাগীয় উপপরিচালক ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে প্রয়োজন অনুসারে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক আন্তঃবিভাগ বদলি করতে পারতেন। সংশোধিত নীতিমালায় এ ক্ষমতা মন্ত্রণালয়ের হাতে নেয়া হয়েছে। একইভাবে সংযুক্তি বদলির ক্ষমতাও এককভাবে মন্ত্রণালয়ের কাছে রাখা হয়েছে।